

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.১০২

তারিখ: ২ অগ্রহাষণ ১৪২৯

১৭ নভেম্বর ২০২২

বিষয়: ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রমের যাচাইয়ের বিল প্রদান।

সূত্র: (ক) খাদ্য মন্ত্রণালয়ের ১১/১০/২০২২ তারিখের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.৩৯৫

(খ) অত্র দপ্তরের ১১/০৯/২০২২ তারিখের স্মারক নং ৬২৫

(গ) অত্র দপ্তরের ২৫/১০/২০২২ তারিখের স্মারক নং ৭৪৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সারাদেশে গত এপ্রিল/২২ মাস হতে শুরু হওয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম গত ১৭/১০/২০২২ তারিখে সমাপ্তি এবং যাচাইয়ে বাদ পড়া ভোক্তার স্থলে নতুন ভোক্তার অন্তর্ভুক্তির বিষয়ে সূত্রস্থ 'ক' স্মারকে খাদ্য মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত কার্যক্রমে ইউডিসি উদ্যোক্তার মাধ্যমে ভোক্তাদের উপস্থিতিতে জাতীয় পরিচয়পত্র যাচাই, ছবি তোলা, শুদ্ধ এন্ড্রির মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির প্রকৃত ভোক্তাদের ডাটাবেজ প্রণয়নের জন্য ভোক্তা প্রতি ডাটা এন্ড্রিতে ইউডিসি উদ্যোক্তাকে ১৫ (পনেরো) টাকা প্রদানের নিমিত্ত সূত্রস্থ 'খ' স্মারকে চলতি ২০২২-২৩ অর্থবছরে সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/আয়ন ও ব্যয়ন কর্মকর্তার অনুকূলে প্রাতিষ্ঠানিক বাজেটের কোড নং ১৪৮০২০৪-০০০০০০-৪১১৩৩০২ 'ডাটাবেজ' ব্যয় খাতে উপজেলাওয়ারী ভোক্তা সংখ্যার হিসেবে অর্থ বরাদ্দ প্রদান করা হয়। এছাড়া অত্র দপ্তরের সূত্রস্থ 'গ' স্মারকে বিল প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় প্রক্রিয়া সম্পর্কে নির্দেশনা প্রদান করা হয়। তবে, উক্ত নির্দেশনার আলোকে ইউডিসি উদ্যোক্তাদেরকে কতজন ভোক্তার যাচাইয়ের বিল পরিশোধ করা হয়েছে সে সংক্রান্ত তথ্য অত্র দপ্তরে প্রেরণ করা হয়নি। ফলে, যাচাইকৃত ভোক্তা অনুযায়ী নির্ধারিত হারে বিল প্রদান পূর্বক অত্র দপ্তরকে সাপ্তাহিক ভিত্তিতে নিম্নোক্ত ছক মোতাবেক প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হলোঃ

বিভাগঃ

জেলা	উপজেলা	ইউনিয়ন	যাচাইকৃত ভোক্তা সংখ্যা	মোট প্রদত্ত বিল (টাকায়)

এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৭-১১-২০২২

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.১০২/১(৬৯)

তারিখ: ২ অগ্রহাষণ ১৪২৯  
১৭ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৪) জনাব মনজুরুল করিম খান, প্রকল্প পরিচালক, বেক্সিমকো কম্পিউটারস লিঃ
- ৫) জনাব নেফাউল ইসলাম, প্রজেক্ট ম্যানেজার, বেক্সিমকো কম্পিউটারস লিঃ
- ৬) জনাব শরীফ মোহাম্মদ শাহীন, সিনিয়র অ্যান্লিকেশন স্পেশালিস্ট, বেক্সিমকো কম্পিউটারস লিঃ



১৭-১১-২০২২

রিয়াজ মাহমুদ

উপপরিচালক